

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫,
৬২/৩, পুরানা পট্টন, ঢাকা-১০০০।

www.ccie.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০২.০২.০০৬.১৬-

তারিখঃ -----
আর্শিন ১৪২৫
সেপ্টেম্বর ২০১৮

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মোঃ সাগর আহমেদ এই অধিদপ্তরের অফিস সহায়ক পদে বিগত ১০ আগস্ট ২০০৯ থেকে কর্মরত আছেন; এবং

যেহেতু আপনার বিরুক্তে বিগত ২৩ ফেব্রুয়ারি ২০১০ তারিখে আপনার বিরুক্তে মতিবিল থানায় মামলা নম্বর ৭০ দায়ের করা হয়; এবং

যেহেতু আপনার বিরুক্তে ফৌজদারী মামলা দায়ের হওয়ার প্রেক্ষিতে আপনাকে এ অধিদপ্তরের বিগত ৩ ফেব্রুয়ারি ২০১১ তারিখের অফিস আদেশ নম্বর শাখা-৫(প্রশাসন)/৬২/২০০৯/অংশ/১০২৬ অনুসারে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ১১ বিধি অনুযায়ী আপনাকে চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

যেহেতু আপনার বিরুক্তে ফৌজদারী মামলায় পুলিশ কর্তৃপক্ষ উপযুক্ত সাক্ষীদের আদালতে হাজির করতে সম্পূর্ণরূপে ব্যর্থ হওয়ায় মামলার কার্যক্রম বিজ্ঞ আদালত স্থগিত করে আপনাকে ফৌজদারী কার্যবিধির ২৪৯ ধারায় মুক্তি প্রদান করে; এবং

যেহেতু আপনার বিরুক্তে আনীত অভিযোগের বিষয়ে নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে উক্ত অভিযোগের বিষয়ে সত্যতা পাওয়া যায়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন;

সেহেতু বিএসআর পার্ট-১ এর ৭২ বিধির বিধান অনুসারে এতদ্বারা আপনার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে আপনাকে চাকুরীতে পুনর্বাহল করা হলো। সাময়িক বরখাস্তকালে উত্তোলিত খোরাকি ভাতা সমন্বয় সাপেক্ষে আপনি বিগত ৩ ফেব্রুয়ারি ২০১১ তারিখ থেকে আপনার অনুকূলে প্রাপ্য পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(এ.আর.এম নজমুল ছাকিব)

প্রধান নিয়ন্ত্রক

ফোন-৯৫৫১৫৫৬, ফ্যাক্স-৯৫৫০২১৭
controller.chief@yahoo.com

জনাব মোঃ সাগর আহমেদ

অফিস সহায়ক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

স্থায়ী ঠিকানা: গ্রাম:-শীলমুদ, পোষ্ট-বজরা, উপজেলা-সোনাইমুড়ি, জেলা-নোয়াখালী।

বর্তমান ঠিকানা:-২৮৭/খ, বড় মগবাজার, ঢাকা।

নং- ২৬.০৩.০০০০.০০২.০২.০০৬.১৬- ৬৭২/৬

তারিখঃ

০৬ আর্শিন ১৪২৫
১৫ সেপ্টেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোত্তার ভিত্তিতে নয়):

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, ৪৭ তলা, সেগুনবাগিচা, ঢাকা।

২। সহকারী নিয়ন্ত্রক, শাখা-৩, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৩। জনাব মোঃ এমরান হোসেন, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।

৪। গার্ড ফাইল।

নজমুল ছাকিব
২৩.৯.১৮.

(মনিরুজ্জামান খান)

উপ-নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।